"নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি"

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২২/৫৭৯ তারিখ: ২৭ এপ্রিল ২০২২ খ্রি.

## ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি ঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা থেকে ১২ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২টা থেকে ৪ টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক) -১ম পত্র | ১০১ | ১৯/০৬/২০২২<br>রবিবার | × | × |
| ১। বাংলা (আবশ্যিক) -২য় পত্র | ১০২ | ২০/০৬/২০২২<br>সোমবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) -১ম পত্র | ১০৭ | ২২/০৬/২০২২<br>বুধবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র | ১০৮ | ২৫/০৬/২০২২<br>শনিবার | × | × |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ২৭/০৬/২০২২<br>সোমবার | × | × |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়) | ১৫১<br>১৩৪ | ২৮/০৬/২০২২<br>মঙ্গলবার | × | × |
| ১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ৩০/০৬/২০২২<br>বৃহস্পতিবার | × | × |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ০২/০৭/২০২২<br>শনিবার | × | × |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ০৩/০৭/২০২২<br>রবিবার | × | × |
| ১। উচ্চতর গণিত (তত্ত্বীয়) | ১২৬ | ০৪/০৭/২০২২<br>সোমবার | × | × |
| ১। হিসাববিজ্ঞান | ১৪৬ | ০৫/০৭/২০২২<br>মঙ্গলবার | × | × |
| ১। জীববিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ০৬/০৭/২০২২<br>বুধবার | × | × |

## ব্যবহারিক পরীক্ষার সময়সূচি ঃ

| বিষয় | তারিখ ও দিন | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১৩/০৭/২০২২ খ্রি. বুধবার থেকে ১৯/০৭/২০২২ খ্রি. মঙ্গলবার পর্যন্ত। (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে।) ২৫/০৭/২০২২ তারিখের মধ্যে ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি এবং অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে কেন্দ্র সচিবের ফরওয়ার্ডিংসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের এফএসএম / মাধ্যমিক শাখায় জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০টা হতে পরীক্ষা শুরু হবে। | স্ব-স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্র/ভেন্যুতে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে)। | ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। বি:দ্র: ব্যবহারিক পরীক্ষার নম্বর অনলাইনে প্রেরণ করতে হবে। অনলাইনে প্রেরিত নম্বর ফর্দের হার্ডকপি বোর্ডে জমা দিতে হবে না। তবে এক সেট প্রিন্ট কপি কেন্দ্রসচিব সংরক্ষণ করবেন। |

### বিশেষ নির্দেশাবলি ঃ

০১। পরীক্ষা শুরুর ৩০(ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

০২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।

০৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সময় ২০ মিনিট এবং সৃজনশীল (CQ) / রচনামূলক পরীক্ষার ক্ষেত্রে সময় ১ ঘন্টা ৪০ মিনিট।

০৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।

০৫। সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ নিশ্চিত করবেন।

০৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।

০৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।

০৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র রেজিস্ট্রেশন ও প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা (সৃজনশীল/ রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক ) নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।

১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এবং এনালগ ঘড়ি সাথে রাখতে পারবে। প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে না।

১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব শুধুমাত্র ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।

১২। সৃজনশীল/ রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক ) পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।

১৩। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুন:নিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

27/04/22

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২২/৫৭৯ (১২)
তারিখ: ২৭ এপ্রিল ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণ করার জন্য :

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩।জেলা প্রশাসক, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, ফেনী ও লক্ষীপুর
০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা, রাজশাহী, যশোর, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর, ময়মনসিংহ
০৫। পুলিশ সুপার, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, ফেনী ও লক্ষীপুর
০৬।সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
০৭। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা /চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষীপুর
০৮।উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
০৯।উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
১০। কেন্দ্র সচিব, এ বোর্ডের এসএসসি পরীক্ষা -২০২২ এর অনুমোদিত সকল কেন্দ্র
১১। এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান
১২। সংরক্ষণ নথি।

27/04/2022

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬৪৬১